3

তারিখ 19 Feb 1990
পৃষ্ঠা ২২ কলাম ৫

# ২২শে ফেব্রুয়ারী হইতে শিক্ষা সপ্তাহ

সরকার আগামী ২২শে ফেব্রুয়ারী হইতে ২৭শে ফেব্রুয়ারী পর্যন্ত জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপনের সিদ্ধান্ত নিয়াছেন। শিক্ষা সপ্তাহের শ্লোগান হইবে "শিক্ষা উন্নয়নের বাহন"।

গত ১৩ই ফেব্রুয়ারী শিক্ষা-সচিবের সভাপতিত্বে জাতীয় কার্য-নির্বাহী কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

জেলাপর্যায়ে ২২শে ফেব্রুয়ারী হইতে ২৭শে ফেব্রুয়ারী এবং বিভাগীয় পর্যায়ে ৩রা মার্চ হইতে ৫ই মার্চ পর্যন্ত এ সপ্তাহ উদযাপন করা হইবে। জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠান ১৭ই মার্চ শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হইবে। এই উপলক্ষে জেলা ও বিভাগ হইতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক এবং শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জাতীয় পর্যায়ে পুরস্কৃত করা হইবে। ইহাছাড়া ছাত্র/ছাত্রীদের মাঝে বিভিন্ন বিষয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং জেলা পর্যায়ে শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হইবে। সেমিনারের বিষয় হইবে "শিক্ষা উন্নয়নের বাহন" "বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা", "সবার জন্য শিক্ষা" এবং "নারী শিক্ষা ও উন্নয়ন"।

আগামী ১৯শে মার্চ জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণী অনুষ্ঠান শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হইবে। —তথ্য বিবরণী।